

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৩৭

করবুক, ২০, জানুয়ারি, ২০২৪

করবুক ইন্ডিয়াপিট
করবুক ইন্ডিয়াপিট

জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় গতকাল
৪৬ তম কক্ষবরক সাল উদযাপন করা হয়। করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত এই
অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সঞ্চয় মানিক ত্রিপুরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক ইন্ডিয়াপিট কমিটির
চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, মহকুমা পুলিশ আধিকারিক গমঙ্গয় রিয়াৎ,
মহকুমা কল্যাণ আধিকারিক অরজিএ দেববর্মা, সমাজসেবী অসীম ত্রিপুরা, সমাজসেবী হামসিং রিয়াৎ প্রমুখ। অনুষ্ঠানে
অতিথিগণ কক্ষবরক ভাষার বিকাশের উপর গুরুত্ব আরোপ করে আলোচনা করেন। অনুষ্ঠানে কক্ষবরক কবিতা পাঠ
করেন পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। এছাড়াও অনুষ্ঠানে পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা
জনজাতি লোক নৃত্য ও লোক সংগীত পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজসেবী সুশীল রিয়াৎ।
